

জীবন

-শিবানী পাল

জীবন রেখা সরল তো নয়
বক্র যে তার চলন ।
হাসি -কান্না সুখ -দুঃখে
অন্তরেতে দহন ।
বোবাকান্না আর আর্তনাদ
অবগুষ্ঠনে অদেখা ।
গোত্রাসে গিলছে বসে
জীবনের সরল রেখা ।
পিছু যেন দিচ্ছে এক
অজানা হাতছানি ।
মনে হয় তার হাতে আছে
ভালোবাসার ছোঁয়ানি ।।
হিসেব-নিকেশ জীবনের
কাজ যে কঠিনতর ।
গুণ ভাগের খাতার পাতায়
আছে মিলন মতান্তর ।।
দূর প্রান্তরে সিঁদুরে মেঘ
রক্তিমতার আভায় ।
সমান্তরাল কি হবে জীবন
যদি সোহাগ মাখানো যায় ।।